দৈনিক ইত্তেফাক

তারিখ 22 NOV 1992
পৃষ্ঠা ১ কলাম ৪

140

# সিরাজগঞ্জের কাজীপুরে সংঘর্ষ ॥ ছাত্রদল কর্মীসহ ২৪ জন আহত

সিরাজগঞ্জ সংবাদদাতা ॥ গতকাল শনিবার কাজীপুর মনসুর আলী সরকারী কলেজ ক্যাম্পাসে ছাত্র সংঘর্ষের এক পর্যায়ে প্রতিপক্ষ থানা ছাত্রদলের সাধারণ সম্পাদক রবিউল হাসানের বাম পা ধারাল অস্ত্র দ্বারা কাটিয়া বিচ্ছিন্ন

(৭ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## সিরাজগঞ্জের কাজীপুরে

(প্রথম পৃঃ পর)

করিয়া ফেলে। আহত হয় আরও ২৩ জন। ছাত্রদল ও ছাত্রলীগের (ম-ই) মধ্যে সংঘর্ষ চলাকালে এই মর্মান্তিক ঘটনা ঘটে। মুমূর্ষু অবস্থায় রবিউল হাসানকে সিরাজগঞ্জ সদর হাসপাতালে ভর্তি করা হইয়াছে। আহত অপর ২০ জনকে কাজীপুর থানা হাসপাতালে ভর্তি করা হইয়াছে। কলেজ কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করিয়াছেন। ছাত্রদল কর্মীরা জেলা সদরে বিক্ষোভ মিছিল বাহির করে। এই সময় জেলা আওয়ামী লীগ নেতা আবদুল লতিফ মীর্জা ও আবু ইউসুফ সূর্যের বাড়ী এবং বাজার স্টেশনস্থ একটি প্রিন্টিং প্রেসে হামলার অভিযোগ পাওয়া যায়। ছাত্রদল অভিযোগ করে যে, গতকাল ক্যাম্পাসে প্রচার মিছিল বাহির করিলে ছাত্রলীগ কর্মীরা হামলা চালায়। পুলিশ থানা শহরে ম্যাজিষ্ট্রেটের তত্বাবধানে টহল দিতেছে।